

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 31-08-2025  
Time: 07:55-08:00 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন কি বাত অনুষ্ঠানে ভোকাল ফর লোকালের উপর গুরুত্বারোপ করেছেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, গণতন্ত্রের ওপর কোন ধরনের আঘাত এলে তা বরদাস্ত করা হবে না।
- (৩) জাতীয় ক্রীড়া দিবস উদযাপনের অঙ্গ হিসাবে আজ বিএসএফের আলফা কোম্পানির উদ্যোগে এক সাইকেল রেলির আয়োজন করা হয়।

\*\*\*\*\*

**Man Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন জাতিকে ভোকাল ফর লোকাল, আত্মনির্ভর ভারতের পথ এবং উন্নত ভারতের লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে হবে। আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তিনি বলেন, উৎসবের মরশুমে দেশবাসীর কখনই স্বদেশীর কথা ভুলে যাওয়া উচিত নয়।

##### byte PM #####

প্রধানমন্ত্রী উৎসবের সময় পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে লক্ষ্য রাখার কথা বলেন।

তিনি বলেন, এক ভারত-শ্রেষ্ঠ ভারতের চেতনা, দেশের ঐক্য, জাতির উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং খেলাধুলা এতে বড় ভূমিকা পালন করে। এ প্রসঙ্গে

তিনি শ্রীনগরের ডাল লেকে অনুষ্ঠিত প্রথম খেলো ইন্ডিয়া জল ক্রীড়া উৎসবে সারা দেশ থেকে ৮০০ জন ক্রীড়াবিদের অংশগ্রহণের কথা উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী এই বর্ষা মরসুমে গত কয়েক সপ্তাহে দেশের বন্যা ও ভূমিধ্বসের ফলে ক্ষতিগ্রস্তদের প্রতি সমবেদনা জ্ঞাপন করে বলেন, যেখানেই সংকট দেখা দিয়েছে, সেখানেই NDRF-SDRF কর্মীরা, অন্যান্য নিরাপত্তা বাহিনী এবং সকলেই দিনরাত পরিশ্রম করে মানুষকে বাঁচাতে পেরেছেন। প্রধানমন্ত্রী বলেন, সেনারা প্রযুক্তির সাহায্যও গ্রহণ করেছে। শ্রী মোদী সমাজকর্মী, ডাক্তার, প্রশাসন এবং দুর্যোগকালে এগিয়ে আসা প্রত্যেক নাগরিকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী ডিজিটাল প্ল্যাটফর্ম প্রতিভা সেতুর কথা উল্লেখ করেন, যা ইউপিএসসির বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও যাদের নাম চূড়ান্ত মেধা তালিকায় আসেনি তাদের তথ্য সংরক্ষণ করে। তিনি বলেন, এই পোর্টালের মাধ্যমে বেসরকারি সংস্থাগুলি এই প্রতিশ্রুতিশীল শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করতে এবং তাদের নিয়োগ করতে পারে।

শ্রী মোদী ভারতে ফুটবলের জনপ্রিয়তা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে বলে আনন্দ প্রকাশ করেন। সৌরশক্তি কৃষকদের জীবনকেও বদলে দিচ্ছে বলে উল্লেখ করেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী বলেন, রামায়ণ এবং ভারতীয় সংস্কৃতির প্রতি ভালোবাসা এখন বিশ্বের প্রতিটি কোণে পৌঁছে যাচ্ছে।

তিনি ১৭ সেপ্টেম্বর বিশ্বকর্মা জয়ন্তী প্রসঙ্গে বলেন, বিশ্বকর্মা অর্থাৎ ছুতোর, কামার, স্বর্ণকার, কুমোর, ভাস্কররা সর্বদা ভারতের সমৃদ্ধির ভিত্তি হয়ে দাঁড়িয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এই বিশ্বকর্মা ভাইদের সাহায্য করার জন্য, সরকার বিশ্বকর্মা যোজনা চালু করেছে।

\*\*\*\*\*

## Man Ki Baat, State:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ খোয়াই মহকুমার প্রত্যন্ত গ্রাম তকছায়ার কেরাং পাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয় মাঠে, মন কি বাত অনুষ্ঠান শোনে। সেখানে মন কি বাত অনুষ্ঠানের ত্রিপুরার ইনচার্জ রতন ঘোষ, বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি বিনয় দেববর্মা, একাধিক এমডিসি সহ জেলা ও আরক্ষা প্রশাসনের সমস্ত আধিকারিকেরা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বলেন, সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগের একটি উত্তম মাধ্যম হচ্ছে এই মন কি বাত অনুষ্ঠান। মুখ্যমন্ত্রী বলেন, শান্তি না থাকলে রাজ্যের উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, জাতি ও জনজাতিদের ভ্রাতৃত্ববোধ অটুট রাখতে হবে। গণতন্ত্রের ওপর কোন ধরনের আঘাত এলে তা বরদাস্ত করা হবে না। আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশকে স্বাধীনভাবে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি জানান।

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বড়জলা বিধানসভা কেন্দ্রের ১১ নং বুথে মন কি বাত শোনে। উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি রাজীব সাহা সহ অন্যান্য বিজেপি কর্মকর্তারা। এলাকার ১০ নং বুথে মন কি বাত শোনে প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস সহ অন্যান্য বিজেপি কার্যকর্তারা।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বিজেপি রাধা কিশোরপুর মন্ডলের ১১ নং বুথে আয়োজিত অনুষ্ঠানে মন কি বাত শোনে।

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ দলীয় কার্যকর্তাদের সঙ্গে মুন্সিয়াকামি শক্তি কেন্দ্রে কৃষ্ণপুর মণ্ডলের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে মন কি বাত শোনে।

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলায় ত্রিপুরা ভেটেরিনারি ডক্টরস এসোসিয়েশন কমপ্লেক্সে মন কি বাত শোনে।

সাংসদ রাজীব ভট্টাচার্য বিজেপি বামুটিয়া মন্ডলের অন্তর্গত কালাপানিয়া গ্রামের ৪৭ নং বুথের কার্যকর্তাদের সঙ্গে মন কি বাত শোনে।

\*\*\*\*\*

### **Minister Kishore Barman & Tinku Roy:**

উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, রাজ্যে একটি মহিলা বিশ্ববিদ্যালয় গড়ে তোলার উদ্যোগ নেওয়ার পাশাপাশি, কলেজগুলিতে শিক্ষক স্বল্পতা দূর করতে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। আজ কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উদযাপনের সমাপনী ও নবীন বিদ্যার্থী বরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জানানো হয়।

\*\*\*\*\*

### **PM-SCO Summit:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং চীনের রাষ্ট্রপতি শি জিনপিং আজ পুনরায় নিশ্চিত করেছেন যে দুই দেশ প্রতিদ্বন্দ্বী নয়, উন্নয়নের অংশীদার এবং তাদের পার্থক্য যেন বিরোধে পরিণত না হয়। তিয়ানজিনে সাংহাই সহযোগিতা সংস্থার শীর্ষ সম্মেলনের অবসরে উভয় নেতার সাক্ষাৎ হয়।

দুই নেতা গত বছর সফলভাবে সেনা প্রত্যাহার এবং তারপর থেকে সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার জন্য সন্তোষ প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

### **PM-CHINA:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তিয়ানজিনে সাংহাই সহযোগিতা সংস্থার শীর্ষ সম্মেলনের অবসরে মায়ানমারের রাষ্ট্রীয় নিরাপত্তা ও শান্তি কমিশনের চেয়ারম্যান, সিনিয়র জেনারেল মিন অং হলাইং-এর সঙ্গে সাক্ষাৎ করেন।

বৈঠকে দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক পর্যালোচনা করেন এবং উন্নয়ন অংশীদারিত্ব, প্রতিরক্ষা ও নিরাপত্তা, সীমান্ত ব্যবস্থাপনা এবং সীমান্ত বাণিজ্য বিষয় সহ দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*

## **ADI VAANI:**

কেন্দ্রীয় সরকার দেশের প্রথম এআই-চালিত উপজাতি ভাষার অনুবাদক আদিবাণীর বিটা সংস্করণ চালু করতে চলেছে। উপজাতি বিষয়ক মন্ত্রক জানিয়েছে, এই অনুবাদ পদ্ধতি আদিবাসী সম্প্রদায়ের সর্বাঙ্গীণ ক্ষমতায়ন এবং ভারতের সমৃদ্ধ ভাষাগত বৈচিত্র্য সংরক্ষণের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। জনজাতীয় গৌরব বর্ষ উদযাপনের অঙ্গ হিসেবে আদি বাণী তৈরি করা হয়েছে, যা জনজাতি এবং অ-জনজাতি সম্প্রদায়ের মধ্যে ভাষাগত যোগাযোগের ব্যবধান দূর করবে।

\*\*\*\*\*

## **National Sports Day Dhalai:**

জাতীয় ক্রীড়া দিবস উদযাপনের অঙ্গ হিসাবে আজ ধলাই জেলার কমলপুর মরাছড়া ৩৭ নং বিএসএফের আলফা কোম্পানির উদ্যোগে সীমান্ত এলাকার বসবাসকারী কিশোর কিশোরীদের নিয়ে এক সাইকেল রেলির আয়োজন করা হয়। আলফা কোম্পানির কমান্ডার মুকেশ কুমার মুন্ডে বলেন স্কুল পড়ুয়া শিশুদের খেলাধুলার ও শারীরিক সুস্থতার প্রতি উৎসাহ বাড়ানোর লক্ষ্যে এই র্যালীর আয়োজন। রেলিটি বিএসএফ ক্যাম্প থেকে শুরু হয়ে তহশীল পাড়া, বড়সুরমা, হালছলী হয়ে পুনরায় ক্যাম্প এসে শেষ হয়। পরে অংশ গ্রহনকারী কিশোর কিশোরীদের মধ্যে বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়।

\*\*\*\*\*

## Weather:

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৩ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*